# ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন

পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের একটি প্রতিষ্ঠান
উপজেলা কার্যালয় মিরপুর, কুষ্টিয়া
www.sfdf.ro.Chuadanga.gov.bd

## সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার)

**১. ভিশন ও মিশন**

**ভিশন:** পল্লী অঞ্চলে বসবাসরত ক্ষুদ্র কৃষক পরিবারের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন তথা দারিদ্র্য হ্রাসকরণ।

**মিশন:** পল্লী অঞ্চলে বসবাসরত ক্ষুদ্র কৃষক পরিবারের সদস্যদেরকে কেন্দ্রভূক্ত করে জামানতবিহীন ক্ষুদ্র ঋণ প্রদানের মাধ্যমে আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন এবং উন্নয়ন কর্মকান্ড ও ক্ষমতায়নে ক্ষুদ্র কৃষক পরিবারের নারীদেরকে সম্পৃক্তকরণ।

| ক্র. নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তিস্থান | সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময়সীমা | দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা (নাম, পদবি, ফোন নম্বর ও ইমেইল) |
|---|---|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ | ০৬ | ০৭ |
| ০১ | সমিতি গঠন | ভূমিহীন, প্রান্তিক কৃষক ,শ্রমিক , কামার কুমোর জেলে, বর্গাচাষি ছোট দোকানীদের পরিবারের কর্মক্ষম প্রাপ্তবয়স্ক পুরুষ/ মহিলা যেকোন একজন এভাবে ১৫-৩০ সদস্য বিশিষ্ঠ কেন্দ্র গঠিত হয়। | | বিনামূল্যে | ০১-০৫দিন | উপজেলা ব্যবস্থাপক ও মাঠ কর্মকর্তাগণ |
| ০২ | সদস্য ভর্তি | সংশ্লিষ্ট এলাকার স্থায়ী বাসিন্দা এবং কৃষি ও কৃষি উৎপাদন কাজে সম্পৃক্ত পরিবারের সদস্য হতে হবে। তবে নারীদের অগ্রাধিকার দেয়া হয়ে থাকে। সদস্যদের জাতীয় পরিচয়পত্র ও মোবাইল নম্বর অবশ্যই থাকতে হবে। সদস্যদের বয়স ১৮ থেকে ৬০ বছরের মধ্যে হতে হবে। | সদস্যর জাতীয় পরিচয়পত্র/ জন্মনিবন্ধন সনদ, ছবি PP. সদস্য ভর্তি ফরম। | ৫০ টাকা | ০১ দিন | উপজেলা ব্যবস্থাপক ও মাঠ কর্মকর্তাগণ |
| ০৩ | অনলাইন অটোমেশন সেবা | অনলাইনে এসএফডিএফ-এর সকল সদস্যের নাম, আইডি নম্বর, মোবাইল নম্বর, স্থায়ী ঠিকানা, ঋণ গ্রহণের পরিমাণ, কিস্তি পরিশোধের তথ্য ও অনাদায়ী কিস্তি খেলাপি ও তামাদি খেলাপির সকল তথ্য তাৎক্ষণিকভাবে জানার সুযোগ রয়েছে।<br>তাৎক্ষণিকভাবে সদস্যগণ নিজ নিজ সঞ্চয় ও ঋণের কিস্তি জমার পরিমাণ, বকেয়া ঋণের পরিমাণ ও অন্যান্য সকল তথ্য অনলাইন দেখতে ও প্রয়োজনে ব্যবহার করতে পারবেন। | সংশ্লিষ্ট উপজেলা কার্যালয় | বিনামূল্যে | - | এসএফডিএফ-এর মিরপুর ,কুষ্টিয়া উপজেলা কার্যালয়। |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ০৪ | পুঁজি গঠন | সদস্যকে নিয়ে কেন্দ্র গঠন করে সঞ্চয় জমায় উদ্ধুদ্ধ করে নিজস্ব পুঁজি গঠনে উদ্বুদ্ধ করা হয়। সদস্যগণ সপ্তাহে কমপক্ষে ৫০ টাকা করে সাপ্তাহিক সঞ্চয় জমার মাধ্যমে নিজস্ব পুঁজি গঠন করে থাকেন। সঞ্চয় জমার উপর সদস্যগণ কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত হারে মুনাফা পেয়ে থাকেন এবং তা উত্তোলন করতে পারেন। | সংশ্লিষ্ট উপজেলা কার্যালয় | বিনামূল্যে | - | এসএফডিএফ মিরপুর ,কুষ্টিয়া উপজেলা কার্যালয়। |
| ০৫ | জামানত বিহীন ক্ষুদ্র ঋণ | কার্যনির্দেশিকা অনুসারে কার্যক্রম পরিচালনা করা হয়। প্রাথমিক পর্যায়ে ৫০ হাজার টাকা খেকে সর্বোচ্চ ১.০০ লক্ষ টাকা পর্যন্ত বিভিন্ন আয়বর্ধনমূলক কার্যক্রমে জামানতবিহীন ক্ষুদ্র ঋণ প্রদান করা হয়। এ ঋণ ১১% হারে সেবামূল্যে সাপ্তাহিক কিস্তিতে পরিশোধযোগ্য। ঋণ পরিশোধের সর্বোচ্চ মেয়াদ ১ বছর। ঋণগ্রহীতা সদস্যের নিজের মৃত্যুর ক্ষেত্রে ঋণ অবলোপন করা হয়। এজন্য ১% ঝুঁকিভাতা নেয়া হয়। | নির্ধারিত ফরম ওয়েবসাইট: http://sfdf.gov.bd/ | সরকার কর্তৃক নির্ধারিত সার্ভিস চার্জ<br>আসল টাকার সাথে যুক্ত করে সাপ্তাহিক কিস্তিতে আদায় করা হয়ে থাকে। | ০৭ দিন | উপজেলা ব্যবস্থাপক ও মাঠ কর্মকর্তাগণ |
| ০৬ | ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ | ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ নীতিমালা অনুযায়ী ক্ষুদ্র ঋণের সফল সদস্য এবং ক্ষুদ্র ও মাঝারি শিল্প উদ্যোক্তা/ব্যবসায়ীরা এসএফডিএফ -এর সদস্যভূক্তির পর ১ লাখ টাকা হতে ৫ লাখ টাকা পর্যন্ত বিভিন্ন উদ্যোগে ঋণ নিতে পারবেন। এ ঋণ ১১% হারে সেবামূল্যসহ মাসিক কিস্তিতে পরিশোধযোগ্য। ঋণ পরিশোধের সর্বোচ্চ মেয়াদ ২ বছর, ঋণ আবেদনপত্র মূল্য ৫০ টাকা, আবেদনপত্র যাচাই খরচ ১০০ টাকা এবং মূল্যায়ন ফি মঞ্জুরীকৃত ঋণের ০.৫% ও নিরীক্ষা ও যাচাই খরচ ১% নেওয়া হয়। এই ঋণের ক্ষেত্রে নীতিমালা অনুযায়ী জামানতনামা নেয়া হয় এবং ঋণী সদস্য মারা গেলে এই ঋণ মওকুফ যোগ্য নয়। | ক্ষুদ্র উদ্যোক্তা কার্যনির্দেশিকা অনুযায়ী নির্ধারিত ফরম উপজেলা কার্যালয়।<br>ওয়েবসাইট: http://sfdf.gov.bd/ | সরকার কর্তৃক নির্ধারিত সার্ভিস চার্জ<br>আসল টাকার সাথে যুক্ত করে মাসিক কিস্তিতে আদায় করা হয়ে থাকে। | ০৭ দিন | সংশ্লিষ্ট আঞ্চলিক ব্যবস্থাপক, উপজেলা ব্যবস্থাপক ও মাঠ কর্মকর্তা। |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ০৭ | এসএমএস সেবা | ফাউন্ডেশনের অটোমেশনে সুফলভোগীদের সঞ্চয় ও ঋণ সংক্রান্ত তথ্যাদিসহ অন্যান্য যাবতীয় ডাটাবেজের সাথে সদস্যদের মোবাইল নম্বর সংযোজিত করা হয়। সদস্যদের দৈনিক সঞ্চয় ও ঋণের সকল ধরনের লেনদেনের এসএমএস সদস্যদের মোবাইল নম্বরে অটো প্রেরণ করা হয়। ফলে সদস্যগণ দিনের মধ্যেই তাদের সঞ্চয় ও ঋণের সকল তথ্যাদি এসএমএস এর মাধ্যমে অবহিত হতে পারেন। | কেন্দ্র পর্যায়ে সুফলভোগী সদস্য | ঋণ গ্রহনের সময় এককালীন ৪০ টাকা এসএমএস চার্জ। | ০১ দিন | এসএফডিএফ-এর মিরপুর কুষ্টিয়া উপজেলা কার্যালয়। |
| ০৮ | বায়োমেট্রিক সেবা | একাধিক ঋণ গ্রহণ ও ভূয়া ঋণ গ্রহণ সংক্রান্ত অনিয়ম রোধ করার জন্য সদস্যদের স্বাক্ষরের পাশাপাশি আঙ্গুলের ছাপ গ্রহণ/সংরক্ষণের লক্ষ্যে বায়োমেট্রিক মেশিন অটোমেশন সফটওয়্যারের সাথে সংযোগ স্থাপনের মাধ্যমে কাজ সম্পাদন করা হচ্ছে। ঋণ বিতরণের সময় বায়োমেট্রিক মেশিনের মাধ্যমে সদস্যদের আঙ্গুলের ছাপ অটোমেশন সফটওয়্যারে সংরক্ষণ করা হয়। ফলে একজন সদস্য অন্য নামে বা নিজ নামে নিজ উপজেলা বা ফাউন্ডেশনের আওতাধীন অন্য কোন উপজেলায় ঋণ গ্রহণ করতে গেলে অটোমেশন সফটওয়্যার নোটিফিকেশন দিবে। ফলে একসাথে বা ভিন্ন নামে একাধিক ঋণ নিতে সক্ষম হবেন না। পাশাপাশি এনআইডিতে প্রদত্ত আঙ্গুলের ছাপ ও স্বাক্ষরের সাথে তা চেক করার ব্যবস্থাও প্রক্রিয়াধীন রয়েছে। | সংশ্লিষ্ট উপজেলা কার্যালয় | বিনামূল্যে | ১০ মিনিট | এসএফডিএফ-এর মিরপুর কুষ্টিয়া উপজেলা কার্যালয়। |
| ০৯ | আয়বর্ধণমূলক প্রশিক্ষণ | আয়বর্ধনমূলক কার্যক্রম বাস্তবায়নে সুফলভোগী সদস্যদের আধুনিক চাষাবাদ ও উৎপাদন প্রযুক্তিতে দক্ষতা বৃদ্ধিতে কৃষি ভিত্তিক প্রশিক্ষণ যেমনঃ শাক সবজি চাষ, মৎস্য চাষ, হাঁস-মুরগীর খামার, গবাদি পশু প্রতিপালন, উন্নত কৃষি প্রযুক্তির ব্যবহার ইত্যাদি বিষয়ে পেয়ে থাকেন। | উপজেলা কার্যালয় | বিনামূল্যে | ০১ দিন | উপজেলা পর্যায়ে প্রশিক্ষণের বিষয়ে সরকারের সংশ্লিষ্ট বিভাগের এবং এ প্রতিষ্ঠানের বিশেষজ্ঞ কর্মকর্তাগণ। |
| ১০ | উদ্ধুদ্ধকরণ প্রশিক্ষণ | সামাজিক ও অর্থনৈতি উন্নয়ন ও সচেতনতামূলক কার্যক্রম বাস্তবায়নে সুফলভোগী সদস্যদের স্বাস্থ্য, শিক্ষা ও পুষ্টি সচেতনতা, বাল্য বিবাহ রোধ এবং | উপজেলা কার্যালয় | বিনামূল্যে | ০১ দিন | উপজেলা পর্যায়ে প্রশিক্ষণের বিষয়ে সরকারের সংশ্লিষ্ট বিভাগের এবং এ প্রতিষ্ঠানের |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | পরিকল্পিত পরিবার গঠনসহ বিভিন্ন বিষয়ের উপর সচেতনতামূলক প্রশিক্ষণ দেয়া হয়। | | | | বিশেষজ্ঞ কর্মকর্তাগণ। |
| ১১ | অভিযোগ ও পরামর্শ | এসএফডিএফ-এর কোন কর্মকর্তা সেবা প্রদানে, ঋণ সুবিধা প্রদানে, কিস্তি আদায়ে, সঞ্চয়ের উপর মুনাফা সুবিধা প্রদানে, পুজিঁ উত্তোলন বা অন্য যে কোন সেবার ক্ষেত্রে কোন আর্থিক সুবিধা গ্রহণ করতে পারবেন না। এ ধরনের কোন ঘটনা ঘটলে তা প্রতিকারের জন্য সাথে সাথে ব্যবস্থাপনা পরিচালককে ফোনে বা লিখিতভাবে অভিযোগ করা যাবে। এছাড়া অন্য কোন অভিযোগ থাকলে কিংবা এসএফডিএফ-এর কার্যক্রম উন্নয়নের জন্য কোন পরামর্শ থাকলে তা প্রধান কার্যালয়ে লিখিতভাবে জানানো যাবে। | সাদা কাগজে আবেদনপত্র কিংবা অনলাইনে অভিযোগ প্রাপ্ত স্থান: http://www.grs.gov.bd | বিনামূল্যে | ৩০ কর্মদিবস | জান্নাতুন আরা বেগম<br>মহাব্যবস্থাপক<br>ফোন:<br>+৮৮-০২-৮১৮০১৫০<br>মোবাঃ |